গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : রেজওয়ানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ১৬ অক্টোবর, ২০২৪, সময় : দুপুর ২.৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, ২য় তলা হাজিরা : পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা, প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য জিআইএস স্পেশালিস্টকে আহবান জানান। প্রকল্প কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা শেষে বিগত তিন মাসের অগ্রগতি এবং পরবর্তী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। অতঃপর, আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা, বিগত তিন মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার। |
| ০২। | ল্যান্ড গেজ স্থাপন | ইতোমধ্যে প্রকল্প থেকে ৬০টি ল্যান্ড গেজ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। স্থাপিত ল্যান্ড গেজসমূহের Geo-spatial data সংগ্রহ করে যাচাই বাছাইপূর্বক একটি মানচিত্র প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রকল্প এলাকায় স্থাপিত ৬০টি ল্যান্ড গেজের Geo-spatial data সংগ্রহ ও যাচাই করে একটি মানচিত্র প্রণয়ন করতে হবে। | জিআইএস স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৩। | টপোগ্রাফিক/ভূসংস্থানিক জরিপ এর মানচিত্র প্রণয়ন | ইতোমধ্যে প্রকল্প এলাকার প্রায় ৮১% জরিপের কাজ সম্পন্ন হয়েছে। কুড়িগ্রামে চলমান অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন এবং এ পর্যন্ত সম্পন্নকৃত DEM ডাটা দ্বারা মানচিত্র প্রণয়নের বিষয় নিয়ে সভায় আলোচনা হয়। | ইতোমধ্যে সম্পন্ন জরিপ এলাকার DEM ডাটা দিয়ে মানচিত্র প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে। | জিআইএস স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | প্রকল্প হতে স্থাপিত নতুন পানি সমতল গেজ | জিঞ্জিরাম ও তিস্তা নদীর অববাহিকায় প্রকল্প হতে স্থাপিত নতুন ৩টি পানি সমতল গেজ এই বন্যা মৌসুম থেকে নিয়মিতভাবে FFWC এর নেটওয়ার্কের আওতায় পানি সমতল তথ্য প্রদান করে আসছে। এই বন্যা মৌসুমে পানি সমতল গেজসমূহের বিপদসীমার মান বিশ্লেষণ করে পরবর্তী বন্যা মৌসুমে বিপদসীমার মান পুনঃ যাচাই করা যেতে পারে। এক্ষেত্রে বন্যা পরবর্তী সময়ে ফিল্ড সার্ভে, স্যাটেলাইট ডাটা, ড্রোন সার্ভে হতে প্রাপ্ত প্লাবন মানচিত্র ইত্যাদি বিশ্লেষণ করে বিপদসীমার মান যাচাই এর বিষয়ে সভায় আলোচনা হয়। | বিপদসীমার মান পুনঃযাচাই করার জন্য বন্যা পরবর্তী সময়ে জিঞ্জিরাম নদীর গোয়ালকান্দা ও বোয়ালমারী এবং যমুনা নদীর কামারজানি স্টেশন বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের প্রতিনিধিদের সাথে সমন্বয় করে পরিদর্শন সাপেক্ষে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৫। | নতুন পানি সমতল গেজ স্থাপন | ব্রহ্মপুত্র নদীতে চর রাজিবপুর উপজেলায় প্রস্তাবিত পানি সমতল গেজ পরিদর্শন এবং কুড়িগ্রামের ধরলা ও জামালপুরের ঝিনাই নদীতে গেজ স্থাপনের সম্ভাব্য স্থান নির্বাচনের জন্য মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ক) নভেম্বর এর প্রথম সপ্তাহে চর রাজিবপুর উপজেলায় প্রস্তাবিত স্থান পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br><br>খ) কুড়িগ্রামের ধরলা ও জামালপুরের ঝিনাই নদীতে গেজ স্থাপনের সম্ভাব্য স্থান নির্বাচনের জন্য মতবিনিময় সভা আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, রিজিওনাল কো-অর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম ও জামালপুর) |
| ০৬। | স্বেচ্ছাসেবক দল গঠন ও প্রশিক্ষণ কার্যক্রম | ইতোমধ্যে গাইবান্ধার, জামালপুর ও কুড়িগ্রাম জেলার ৬১টি ইউনিয়ন হতে ১৫৯৩ জন স্বেচ্ছাসেবকের তথ্য সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ইউনিয়নের তথ্য সংগ্রহের অগ্রগতি, প্রশিক্ষণ প্রস্তুতি নিয়ে সভায় আলোচনা হয় এবং নিরাপত্তা সরঞ্জাম (লাইফ ভেস্ট ও ক্যাপ) এর ডিজাইন সভায় উপস্থাপন করা হয়। | ক) অবশিষ্ট ২টি ইউনিয়নের তথ্য সংগ্রহের কাজ দ্রুত সম্পন্ন করে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।<br><br>খ) ভেস্ট ও ক্যাপ এর রং নির্বাচনে heat reflection এর কথা বিবেচনা করে রং নির্বাচন করে মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, রিজিওনাল কো-অর্ডিনেটর ও কমিউনিকেশন অফিসার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯-১০-২৪

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯৬ তারিখ: ২৯-১০-২০২৪ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
০৪। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS/RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৬। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। অফিস কপি/গার্ড ফাইল।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)